

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৫

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الفصل الثالث

আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ أَنَّ رَجُلًا سَأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا الْإِيمَانُ قَالَ إِذَا سَرَّتْكَ حَسَنَتُكَ وَسَاءَتْكَ سَيِّئَتُكَ فَأَنْتَ مُؤْمِنٌ قَالَ يَا رَسُولَ اللَّهِ فَمَا الْإِيمَانُ قَالَ إِذَا حَاكَ فِي نَفْسِكَ شَيْءٌ فَدَعَهُ». رَوَاهُ أَحْمَدُ

বাংলা

৪৫-[৪৪] আবু উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, জনৈক লোক রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলো, হে আল্লাহর রসূল! ঈমান কী? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, যখন তোমাকে নেক (সৎ) কাজ আনন্দ দিবে ও খারাপ (অসৎ) কাজ পীড়া দিবে, তখন তুমি মু'মিন। আবার সে লোকটি জিজ্ঞেস করলো, হে আল্লাহর রসূল! খারাপ (অসৎ) কাজ কি? উত্তরে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, যখন কোন কাজ করতে তোমার মনে দ্বিধা ও সন্দেহের উদ্রেক করে (তখন মনে করবে এটা গুনাহের কাজ), তখন তা ছেড়ে দিবে। (আহমাদ)[১]

English

Chapter - Section 3

Abu Umama reported that a man asked God's messenger what faith was, to which he replied, "When your good deed pleases you and your evil deed grieves you, you are a believer." He then asked what sin was and received the reply, "When you have a besetting sin, give it up."

Ahmad transmitted it.

ফুটনোট

[1] সহীহ: আহমাদ ২১৬৬২, সহীহুত্ তারগীব ১৭৩৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ইমাম ত্বীবী (রহঃ) বলেনঃ যখন তোমার দ্বারা আনুগত্যের কাজ সম্পাদিত হবে আর এতে তুমি আনন্দিত হবে এ কথা বিশ্বাস করে যে, এ কারণে তুমি পুরস্কৃত হবে। আর তোমার দ্বারা যদি কোন গুনাহের কাজ হয়ে যায় তবে তুমি চিন্তিত হও এটাই আল্লাহ ও পরকালের প্রতি বিশ্বাসের আলামত।

গুনাহের কাজ কি? এ ব্যাপারে যখন কোন স্পষ্ট দলীল ও বিশুদ্ধ প্রমাণাদি থাকার ফলে কোন বিষয়ে সন্দেহের সৃষ্টি হয় ও মনে খটকা লাগে এবং এর বিধান সম্পর্কে নিশ্চিত না হওয়া যায়, ফলে মনে প্রশান্তি আসে না বরং মনে এমন ভাবের সৃষ্টি হয় যে, মন তা করতে সায় দেয় না তবে তা পরিত্যাগ করা উচিত। এটা তাদের বেলায় প্রযোজ্য যাদের অন্তঃকরণ পরিষ্কার, হৃদয় পবিত্র। আর সাধারণ লোক যাদের হৃদয় গুনাহের অন্ধকারে নিমজ্জিত তাদের ক্ষেত্রে এটা প্রযোজ্য নয়। কেননা কোন কোন ক্ষেত্রে ভালো কাজকেই গুনাহের কাজ মনে করতে পারে আবার গুনাহের কাজকেও সাওয়াবের কাজ মনে করে বসতে পারে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54603>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন